



# পরিবারের ডেন্টাল কভারেজ

সম্পর্কিত প্রাথমিক তথ্য

সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা  
আপনার প্রাপ্য।

NY State of Health হল নিউ  
ইয়র্কের অফিসিয়াল হেল্থ প্ল্যান  
মার্কেটপ্লেস।

আজই নথিভুক্ত হন।

 অনলাইনে  
[nystateofhealth.ny.gov](https://nystateofhealth.ny.gov)

 ফোনের মাধ্যমে  
1-855-355-5777নম্বরে  
TTY  
1-800-662-1220

 [info.nystateofhealth.  
ny.gov/findassistor](https://info.nystateofhealth.ny.gov/findassistor)  
-এ ব্যক্তিগতভাবে অ্যাসিস্টারের  
সঙ্গে দেখা করুন

NY State of Health প্রয়োজ্য ফেডেরাল নাগরিক  
অধিকার এবং স্টেটের আইন মেনে চলে এবং জাতি,  
বর্ণ, জাতীয় মূল, ধর্মবিশ্বাস/ধর্ম, লিঙ্গ, বয়স, বৈবাহিক/  
পারিবারিক অবস্থা, গ্রেপ্তারির রেকর্ড, অপরাধের জন্য  
দোষী সাব্যস্ত, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, প্রিডিসপোজিৎ  
জেনেটিক, মিলিটারি অবস্থা, গার্হস্থ্য সহিংসতার শিকার  
এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যতা করে না।

দাঁতের পরিচর্যা আপনার সামগ্রিক স্বাস্থ্য ও সুস্থতার  
একটি অপরিহার্য অংশ।

কিন্তু একটি ডেন্টাল প্লানে নথিভুক্ত হওয়ার আগে  
আপনাকে কয়েকটি বিষয় বিবেচনা করতে হবে।

**1** আমার Qualified Health Plan (QHP)  
কি আমার পরিবারের ডেন্টাল সুবিধাগুলিকে  
অন্তর্ভুক্ত করে?

- আপনার যদি এমন একটি ডেন্টাল প্ল্যান প্রয়োজন হয় যা বড়দের সাথে  
ছোটদেরও কভার করে, তাহলে আপনি নিচের যে কোনও একটি করতে  
পারেন:
  - [https://info.nystateofhealth.ny.gov/resource/dental-  
plan-comparison-tool](https://info.nystateofhealth.ny.gov/resource/dental-plan-comparison-tool) মার্কেটপ্লেস ওয়েবসাইটে ডেন্টাল প্ল্যান  
তুলনা করার সরঞ্জাম ব্যবহার করে আপনার কাউন্টিতে পারিবারের  
ডেন্টাল বেনিফিটগুলিকে অন্তর্ভুক্ত করে এমন QHPগুলি অনুসন্ধান  
করুন; বা
  - আপনার QHP এর বাইরে একটি আলাদা পারিবারিক ডেন্টাল প্ল্যান  
ক্রয় করুন।<sup>1</sup>
- বাচ্চাদের কভার করে এরকম একটি ডেন্টাল প্লানের জন্য, আপনি QHP  
এর মাধ্যমে বা একটি আলাদা পেডিয়াট্রিক ডেন্টাল প্লানের মাধ্যমে  
পেডিয়াট্রিক ডেন্টাল বেনিফিটগুলি পেতে পারেন।<sup>2</sup>

**2** একটি পারিবারিক ডেন্টাল প্ল্যান কী কভার করে?

- পারিবারিক ডেন্টাল প্ল্যানগুলির দুটি আলাদা পর্যায়ের কভারেজ আছে:
  - পেডিয়াট্রিক ডেন্টাল বেনিফিটস
  - বড়দের ডেন্টাল বেনিফিটস
- পেডিয়াট্রিক বেনিফিটগুলিতে চারটি মুখ্য বিভাগ আছে:
  - প্রতিরোধমূলক/প্রাথমিক
  - রুটিন
  - মুখ্য
  - অর্থোডনশিয়া
- বড়দের বেনিফিটগুলি এই চারটি বিভাগের কিছু বা সবগুলিকে অন্তর্ভুক্ত  
করতে পারে।

<sup>1</sup> একটি আলাদা ডেন্টাল প্লানে নথিভুক্ত হতে আপনাকে অবশ্যই একটি Qualified Health Plan,  
(QHP) নথিভুক্ত হতে হবে।

<sup>2</sup> পেডিয়াট্রিক ডেন্টাল বেনিফিটগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, NY State of Health পেডিয়াট্রিক  
ডেন্টাল কভারেজ তথ্য পত্র (Pediatric Dental Coverage Fact Sheet) দেখুন।

# পরিবারের ডেন্টাল কভারেজ

সম্পর্কিত প্রাথমিক তথ্য

## 3 পারিবারিক ডেন্টাল বেনিফিটগুলির মধ্যে কী পরিষেবা অন্তর্ভুক্ত?

পরিষেবা বিভাগ	পরিষেবার উদাহরণ	বাম্বাদের কভার করছে?	বড়দের কভার করছে?
প্রতিরোধমূলক/প্রাথমিক	পরিষ্কার করা, ফ্লোরাইড এবং সীল করা	সর্বদা	বেশিরভাগ ক্ষেত্রে, প্ল্যান অনুযায়ী আলাদা হয়
রুটিন	পরীক্ষা, এক্স-রে, সহজ ফিলিং এবং দাঁত তোলা	সর্বদা	বেশিরভাগ ক্ষেত্রে, প্ল্যান অনুযায়ী আলাদা হয়
মুখ্য	ওরাল সার্জারি, ক্রাউনস, ডেঞ্চারস, ব্রিজ, এবং রুট ক্যানাল	সর্বদা	বেশিরভাগ ক্ষেত্রে, প্ল্যান অনুযায়ী আলাদা হয়
অর্থোডনশিয়া	দাঁত মজবুত করতে সহায়তাকারী ব্রেসেস	সর্বদা	বেশিরভাগ ক্ষেত্রে, প্ল্যান অনুযায়ী আলাদা হয়

- ডেন্টাল পরিষেবা সম্পর্কিত প্ল্যান বহির্ভূত খরচগুলি প্ল্যান অনুযায়ী উল্লেখযোগ্যভাবে আলাদা হতে পারে। আপনার চিন্তাধারা অনুযায়ী আপনার পরিবারের প্রয়োজন হতে পারে এমন একটি প্ল্যান বেছে নেওয়া উচিত।

## 4 পরিবারের ডেন্টাল কভারেজের খরচ কত?

- প্রতিটি ডেন্টাল প্লানের নির্দিষ্ট খরচ আছে। এগুলি প্রিমিয়ামের পরিমাণ, ছাড়, সর্বাধিক প্ল্যান বহির্ভূত খরচ, এবং বাৎসরিক সর্বাধিক সুবিধাগুলিকে অন্তর্ভুক্ত করতে পারে। এই খরচগুলি ডেন্টাল প্ল্যান অনুযায়ী আলাদা হয়।
- নির্দিষ্ট খরচের সাথে, খরচ-ভাগ করে নেওয়ারও আবশ্যিকতা আছে যা প্ল্যান অনুযায়ী আলাদা হয়। খরচ-ভাগ করে নেওয়ারও আবশ্যিকতাগুলি পরিষেবার শ্রেণী এবং একটি বাম্বা বা একজন বড় পরিষেবাটি পাচ্ছেন কিনা তার উপর নির্ভর করে।
  - একটি বাম্বার ক্ষেত্রে পেডিয়াট্রিক ডেন্টাল বেনিফিটগুলির** প্ল্যান বহির্ভূত সর্বাধিক বাৎসরিক খরচের সীমা 350 ডলার এবং একটি পরিবারের ক্ষেত্রে সেটি 700 ডলার। যে কোনও একটি কভারেজ বছরের মধ্যে আপনাকে সর্বাধিক এই পরিমাণই খরচ করতে হতে পারে। পেডিয়াট্রিক বেনিফিটগুলির জন্য কোনও সার্ভিস ক্যাপ বা অপেক্ষার সময় নেই।
  - বড়দের ডেন্টাল বেনিফিটগুলির** সাধারণত প্ল্যান বহির্ভূত খরচের কোনও সর্বাধিক সীমা নেই। কিন্তু, একটি বাৎসরিক বেনিফিট ক্যাপ থাকতে পারে। একটি কভারেজ বছরে আপনার প্ল্যান সর্বাধিক এই পরিমাণই প্রদান করবে। একজন প্রাপ্তবয়স্কের ক্ষেত্রে দাঁতের জন্য এই সর্বোচ্চ সীমার থেকে বেশি খরচের দায় আপনার। উপরন্তু, কিছু পরিষেবার ক্ষেত্রে অপেক্ষার সময়ও থাকতে পারে।<sup>3</sup>

## 5 আমার এবং আমার পরিবারের জন্য উপযুক্ত একটি ডেন্টাল প্ল্যান আমি কীভাবে খুঁজে পাব?

- দি NYSOH ডেন্টাল প্লানের তুলনা করার সরঞ্জাম (Dental Plan Comparison Tool) আপনাকে বিভিন্ন পেডিয়াট্রিক ডেন্টাল প্ল্যানগুলির খরচ ও সুবিধাগুলির মধ্যে তুলনা করার সুযোগ দেয়।<sup>4</sup> এটি মার্কেটপ্লেস ওয়েবসাইট <https://info.nystateofhealth.ny.gov/resource/dental-plan-comparison-tool> এ পাওয়া যেতে পারে।
- মার্কেটপ্লেস ওয়েবসাইটটিরও একটি NYS সরবরাহকারী ও হেলথ প্ল্যান খোঁজার সরঞ্জাম (NYS Provider & Health Plan Look Up Tool) আছে, যা প্রতিটি প্লানে অংশগ্রহণকারী ডেন্টাল পরিষেবা সরবরাহকারীদের একটি তালিকা দেখায়। এটি <https://pndslookup.health.ny.gov/> এ দেখা যেতে পারে।

<sup>3</sup> মার্কেটপ্লেস ওয়েবসাইটে তালিকাভুক্ত প্ল্যানগুলির কভার করা কোনও পরিষেবার একটি অপেক্ষার সময়কাল থাকলে সরঞ্জামটি "WP" নির্দেশ করবে।

<sup>4</sup> ডেন্টাল প্ল্যানগুলি অনুসন্ধান করার সময়, নিশ্চিত করুন যে পরিবারে প্রাপ্তবয়স্ক সদস্যদের জন্য আপনি বড়দের সুবিধার তথ্য দেখছেন, বাম্বাদের সুবিধার তথ্য নয়।

Si usted habla un idioma diferente al inglés, los servicios de asistencia de idioma están disponibles gratis para usted. Llame al 1-855-355-5777 (TTY: 1-800-662-1220).

如果您使用的語言不是英語，您可以使用我們的免費語言支援服務。請致電 1-855-355-5777 (TTY: 1-800-662-1220)